তারিখ ঃ নভেম্বর ' ২০২৫ইং

| বাস্তবায়ন | ভৌত ও আর্থিক অগ্রগতি |
|---|---|
| ঢাকা এনভায়রনমেন্টালী সাসটেইনেবল ওয়াটার সাপ্লাই প্রকল্প ঃ<br>এ প্রকল্পের আওতায় মেঘনা নদীর পশ্চিমতীরে বিশনন্দী পয়েন্ট হতে দৈনিক ৫০ কোটি লিটার পানি উত্তোলন পূর্বক পরিশোধন করে তা ঢাকা মহানগরীতে সরবরাহ করা হবে। উন্নয়ন সহযোগি সংস্থা এডিবি, এএফডি ও ইআইবি এর আর্থিক ঋণ সহায়তায় এবং বাংলাদেশ সরকার ও ঢাকা ওয়াসা'র নিজস্ব অর্থায়নে আলোচ্য প্রকল্পের কাজ বাস্তবায়িত হচ্ছে। মূল DPP অনুযায়ী প্রকল্পের মেয়াদ ছিল অক্টোবর, ২০১৩ থেকে ডিসেম্বর ২০১৯ পর্যন্ত। ১৭/০৮/২০২৫ ইং তারিখে ECNEC সভায় অত্র প্রকল্পের ৩য় সংশোধিত DPP অনুমোদিত হয়েছে। যেখানে সংশোধিত (৩য়) DPP অনুযায়ী মেয়াদ জুন ২০২৭ পর্যন্ত নির্ধারিত রয়েছে এবং মোট প্রকল্প ব্যয় ১০৯৭৩.৫৪ কোটি টাকা। | <u>৩য় সংশোধিত DPP অনুযায়ী প্রকল্পের সামগ্রিক অগ্রগতি ঃ</u><br>ক) ভৌত অগ্রগতি ঃ ৯০.৩২%। খ) আর্থিক অগ্রগতি ঃ ৬৪.৪৫%।<br><u>অঙ্গভিত্তিক ভৌত অগ্রগতি ঃ</u><br>• <u>প্যাকেজ-১ (DBO-Intake, RWP, WTP)</u><br>Design and Build (D&B) contract এর আওতায় দৈনিক ১০৫ কোটি লিটার পানি উত্তোলন ক্ষমতাসম্পন্ন Intake স্থাপনাসহ ৫২.৫ কোটি লিটার পানি সঞ্চালনের জন্য Intake Pumping Station, ১৬০০ মিঃমিঃ ব্যাস বিশিষ্ট ২ x ২২ কিঃ মিঃ Raw Water Pipeline এবং ৫০ কোটি লিটার ক্ষমতাসম্পন্ন পানি শোধনাগার (WTP) নির্মাণ কাজ চলমান আছে। বর্ণিত উপাংশে সমূহের সর্বশেষ অগ্রগতি নিম্নরূপ ঃ<br>সার্বিক ভৌত অগ্রগতি ৯৭.০১% (ইনটেক নির্মাণ ঃ ৯৭.৯১%, Raw Water Pipeline (RWP) স্থাপন ঃ ৭৮.২৪%, পানি শোধনাগার (WTP) নির্মাণঃ ৯৯.১৪%)।<br>• <u>প্যাকেজ-২ (Treated Water Pipeline)</u><br>গন্ধর্বপুরে নির্মাণাধীন পানি শোধনাগার এর ডেলিভারী পয়েন্ট হতে ২ x ১৪ কিঃ মিঃ দীর্ঘ টুইন ট্রান্সমিশন (১৬০০ মিঃমিঃ ব্যাস বিশিষ্ট) পাইপ লাইনের মাধ্যমে শীতলক্ষ্যা ও বালু নদীর তলদেশ দিয়ে অতিক্রম (মাইক্রো টানেলিং বিভার ক্রসিং পদ্ধতিতে) করে মাদানী এভিনিউ হয়ে ঢাকার বাড্ডাধারা ভাটারা থানা নতুন বাজার পয়েন্ট পর্যন্ত পাইপ লাইন স্থাপন কাজ চলমান আছে। শীতলক্ষ্যা ও বালু নদীর পূর্ব ও পশ্চিম পাড়ের (লঞ্চিং ও রিসিভিং) শ্যাফট এবং পাইপ জ্যাকিং কাজ সমাপ্ত হয়েছে।<br>প্যাকেজের ভৌত (সেকশন-A, B, C ও নদী ক্রসিংসহ মোট ১৪ কি: মি:) সার্বিক অগ্রগতি ঃ ৯৮.৫৮%।<br>• <u>প্যাকেজ-৩.১ (Primary Distribution Reinforcement Line)</u><br>➢ সার্বিক ভৌত অগ্রগতি ঃ ২৯.০১%।<br>➢ সংগ্রহ: DI পাইপ ৯৫%, DI ফিটিংস ৮৫%, HDPE পাইপ ৯৯.৯৯%।<br>➢ DNCC, FDEE, DAEEP ও Cantonment Board সহ অন্যান্য স্টেকহোল্ডার থেকে রাস্তা কাটার অনুমোদন পাওয়া গেছে। পাইপ লাইন প্রোগ্রেস-৭.০৫% (১৫৯৬.২৪ মিটার) ঃ সেকশন-এফ এর ব্রাঞ্চ লাইনে ৫৫ মিটার টুইন পাইপ স্থাপন করা হয়েছে, সেকশন-ডি এর মূল পাইপ লাইনের ১৫৭.৮৮ মিটার, ১২০০ মিঃমিঃ এবং রামপুরা ব্রীজ হতে OD ৮০০ মিঃমিঃ ২২৩.২ মিটার ও DN ৮০০ মিঃমিঃ ১৭০ মিটার পাইপ স্থাপন করা হয়েছে এবং আনুষাঙ্গিক DMP(Traffic) এর অনুমতি সাপেক্ষে শুরু করা হবে। সেকশন এইচ এ ১৬০০ মিঃমিঃ ব্যাসের পাইপ লাইন ৫১০.৬০ মিটার স্থাপন স্থাপন করা হয়েছে এবং সেকশন-ই এ ৬৩০ মিঃমিঃ ব্যাসের HDPE পাইপ ২৫৭ মিটার স্থাপন করা হয়েছে ও HDD পদ্ধতিতে ২২৬ মিটার পাইপ লেইং স্থাপন করা হয়েছে, অন্যান্য কাজ চলমান রয়েছে।<br>• <u>প্যাকেজ-৩.২ (Secondary Distribution Reinforcement Line)</u><br>➢ ক) ভৌত অগ্রগতি ঃ ৪০%। খ) আর্থিক অগ্রগতি ঃ ২৫%।<br>➢ সংগ্রহ: DI পাইপ ৮০%, DI ফিটিংস ৮০%, HDPE পাইপ ৮০%। HDPE ফিটিংস-৮০%<br>➢ পাইপ লেইং প্রোগ্রেস-২৮% (১০৫০০ মিঃ)<br>• <u>প্যাকেজ-২.৭ (MODS Zone-6 এর আওতায় ১৬টি DMA তে প্রায় ৪৯৭ কিঃমিঃ পাইপ লাইন নেটওয়ার্ক পরিবর্তন, বর্ধিতকরণ, স্থাপন)</u><br>➢ সার্বিক অগ্রগতি ঃ ১০০%।<br>• <u>প্যাকেজ-ADF Grant: (Strengthening Access of women and vulnerable groups in selected slums to imporve water and sanitation services)</u><br>➢ সার্বিক ভৌত অগ্রগতি ঃ ৮৫%।<br>➢ ২০২৩ সালে নিয়োগকৃত ৬ জন Individual Consultants এর ৫ জন দায়িত্ব পালন করছে। ১ জনের চুক্তির মেয়াদ ও দায়িত্ব সমাপ্ত হয়েছে।<br>➢ ২০২৩ সালে নিয়োগকৃত Social Awareness and Legal Empowerment জন্য ২(দুই) টি NGO কাজ করছে।<br>➢ মোট ৭ (সাত) টি প্যাকেজের মধ্যে প্রথম পর্যায়ে ৪ (চার) টি লটের মোট ৩৩০ টি Community Toilet & Bathing Block নির্মাণ কাজ চলমান এবং অগ্রগতি ৯৫% (নভেম্বর, ২০২৫) এবং ৩ (তিন) টি লটের মোট ২১৫ টির নির্মাণ কাজ চলমান এবং অগ্রগতি ৭৫%।<br>• <u>পরামর্শক নিয়োগ (MDSC)</u><br>➢ প্রকল্পের পরামর্শক Mott MacDonald এর সাথে MDSC কাজের চুক্তি ৩১ আগষ্ট ২০২৫ তারিখে সমাপ্ত হয়েছে।<br>➢ প্রকল্পের নতুন পরামর্শক হিসেবে Fichtner GmbH & Co.KG এর নিয়োগের প্রস্তাব মূল্যায়ন সম্পন্ন হয়েছে এবং এতে ADB এর অনাপত্তি ও ঢাকা ওয়াসা'র কর্ম সম্পাদনে সহায়তা কমিটির সুপারিশ পাওয়া গেছে। বর্তমানে প্রস্তাব স্থানীয় সরকার বিভাগে প্রক্রিয়াধীন আছে। ক্রয় প্রস্তাব উপদেষ্টা পরিষদে অনুমোদন সাপেক্ষে পরামর্শক নিয়োগ করা যাবে। |

01.12.25
Mahrin Binte Islam
Sub-Divisional Engineer
PMU, DESWSP, Dhaka WASA

01/12/25
Md. Al-Amin
Executive Engineer
PMU, DESWSP, Dhaka WASA

MD. ATIQUR RAHMAN
Superintending Engineer &
Deputy Project Director
DESWSP, Dhaka WASA

01/12/2025
Md. Wahidul Islam Murad
Superintending Engineer &
Project Director
PMU, DESWSP, Dhaka WASA

D:\ARJO\Monthly Update Report.docx